

জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।

হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট
ফোন: ০২-৯৫৫২০৭৮, ০২-৯৫৬৫০৮৮

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ১৯৬/২০

তারিখ: ১০ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ
২৫ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও অ্যান্ড এমডি এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সার্বিসিডিয়ারি কোম্পানি।

বিষয়: জনতা ব্যাংক লিমিটেড-এর সকল স্তরের কর্মচারী ও গ্রাহকসহ সর্বসাধারণের ব্যবহারের জন্য মোবাইল অ্যাপস্ 'Janata Bank'-এর
অনুমোদন প্রসংগে।

প্রিয় মহোদয়,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঘোষিত ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয় নিয়ে জনতা ব্যাংক লিমিটেড ব্যাংকিং কার্যক্রমের
পাশাপাশি উহার জনবল ব্যবস্থাপনা ও প্রশাসনিক কার্যক্রম ডিজিটাল পদ্ধতিতে পরিচালনার জন্য ব্যাংকের নিজস্ব
প্রোগ্রামারদের উভাবিত রিয়েল টাইম Personnel Management Information System (PMIS) চালু করে।
PMIS-এর তথ্যভান্দারে রাখিত ব্যাংকের সকল কর্মচারী ও অফিসসমূহের টেলিফোন ও মোবাইল নম্বরের ভিত্তিতে প্রস্তুত রিয়েল
টাইম টেলিফোন ডাইরেক্টের হিসেবে গত ১২.০৬.২০১৮ তারিখ হতে মোবাইল অ্যাপস্ 'JB PHONE' চালু করা হয়েছে যা
কেবল ব্যাংকের কর্মচারিগণই ব্যবহার করতে পারছেন।

০২। ব্যাংকের গ্রাহকসহ সর্বসাধারণের লক্ষ্যে PMIS প্রোগ্রামে ব্যবহৃত তথ্যভান্দারের ভিত্তিতে 'Janata Bank' নামে
আরেকটি মোবাইল অ্যাপস্ প্রস্তুত করা হয়েছে যা গত ২১.০৯.২০২০ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৬৩১তম সভায়
উপস্থাপন করা হলে অ্যাপস্টি গ্রাহকসহ সর্বসাধারণের ব্যবহারের জন্য অনুমোদন দেওয়া হয় এবং পরিচালনা পর্ষদের
চেয়ারম্যান মহোদয় অ্যাপস্টির শুভ উৎসোধন করেন। Google Play Store থেকে জনতা ব্যাংকের Logo সম্বলিত
'Janata Bank' নামের Mobile Apps টি স্মার্ট মোবাইলে ইনস্টল করে ব্যাংকের সকল কর্মচারীসহ যেকোনো গ্রাহক
বা দেশে বিদেশে বসবাসকারী বাংলাদেশি নাগরিক বা সর্বসাধারণ ব্যবহার করতে পারবেন।

০৩। 'Janata Bank' অ্যাপস্টির উল্লেখযোগ্য বৈশিষ্ট্যসমূহ নিম্নরূপ:

- ক) 'Janata Bank' অ্যাপস্টি PMIS সার্ভারে রাখিত Real Time তথ্যের ভিত্তিতে কাজ করবে।
- খ) সময়ে সময়ে আপডেট ভাসনসহ এ অ্যাপস্টি অত্র ব্যাংকের গ্রাহকসহ সর্বসাধারণের জন্য সহজলভ্য করার লক্ষ্যে
Google Play Store-এ রেজিস্ট্রেশন করা হয়েছে।
- গ) 'Janata Bank' অ্যাপস্ ব্যবহার করে কল করার খরচ সংশ্লিষ্ট ব্যবহারকারীর মোবাইল সিম থেকে হবে।
পাশাপাশি অ্যাপস্টি ব্যবহারকারীর ইন্টারনেট ডেটা ব্যবহৃত হবে।
- ঘ) 'Janata Bank' অ্যাপস্টি ব্যাংকের কর্মচারী/গ্রাহক এবং দেশে বিদেশে বসবাসকারী যেকোনো বাংলাদেশি
নাগরিকসহ সর্বসাধারণ ব্যবহার করতে পারবেন।
- ঙ) যেকোনো ব্যবহারকারী এক মিনিটেরও কম সময়ের মধ্যে সার্ট করে জনতা ব্যাংকের যেকোনো শাখা/অফিসের
অফিস ফোন নম্বর, ই-মেইল অ্যাড্রেস ও ঠিকানা বের করতে পারবেন এবং তৎক্ষণিক ফোন বা ই-মেইল করতে
পারবেন।

চলমান পাতা-২


বিষয়: জনতা ব্যাংক লিমিটেড-এর সকল স্তরের কর্মচারী ও গ্রাহকসহ সর্বসাধারণের ব্যবহারের জন্য মোবাইল অ্যাপস্ 'Janata Bank'-এর
অনুমোদন প্রসংগে ।

- চ) গুগল ম্যাপের সাহায্যে নেভিগেশন করে নিকটস্থ শাখা/অফিস/এটিএম বুথের লোকেশন দেখতে পারবেন এবং সেখান থেকেও সরাসরি কল বা ই-মেইল করতে পারবেন ।
- ছ) দেশের প্রশাসনিক জেলা ও উপজেলাভিত্তিক যেকোনো শাখা এ অ্যাপস্টির মাধ্যমে সহজেই খুঁজে বের করা যাবে ।
- জ) এ অ্যাপসের মাধ্যমে প্রতিটি শাখার কোড নম্বর, রাউটিং নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে সুইফ্ট কোড নম্বর পাওয়া যাবে ।
- ঝ) ব্যাংকের বিভিন্ন প্রোডাট/সার্ভিসসহ অন্যান্য তথ্যাদি এ অ্যাপসে সরবরাহ করার লক্ষ্যে ব্যাংকের ওয়েবসাইটের সাথে লিঙ্ক দেওয়া হয়েছে ।
- ঞ) এ মোবাইল অ্যাপস্ ব্যবহার করে গ্রাহক বা সর্বসাধারণ তাঁদের কাঞ্চিত শাখা/অফিসে যেকোনো প্রয়োজনে তাৎক্ষণিক অতি সহজেই যোগাযোগ করতে পারবেন । এতে তাঁদের সময় ও অর্থ উভয়ই সাধারণ হবে ।
- ট) যে মোবাইল সেটে 'Janata Bank' অ্যাপস্টি ইনস্টল করে ব্যবহার করা হবে, সেই সেটের IMEI নম্বরটি PMIS সার্ভারে Saved থাকবে ।
- ঠ) বর্তমানে শুধু অ্যান্ড্রয়েড মোবাইল ফোনে এ অ্যাপস্টি ব্যবহার করা যাবে । তবে ভবিষ্যতে আইফোনেও তা ব্যবহারের ব্যবস্থা নেওয়া হবে ।

০৪। 'Janata Bank' মোবাইল অ্যাপসের তথ্যভান্ডারের জন্য PMIS-এর ব্রাফ্ট/অফিস ফোনের ঘরে শুধু সংশ্লিষ্ট ব্রাফ্ট/অফিস ফোন নম্বর/মোবাইল নম্বর এন্ট্রি দেওয়ার নির্দেশনা দেওয়া হয়েছিল । কিন্তু তথ্যসমূহ পর্যবেক্ষণে দেখা যায় যে, অনেক কর্মচারী উপর্যুক্ত ঘরে তাঁদের ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করেছেন । তিনি বদলি হয়ে অন্যত্র যোগদান করলে এ তথ্য 'JB PHONE' অ্যাপসের মতো স্বয়ংক্রিয়ভাবে পরিবর্তন হবে না, যতক্ষণ না পিএমআইএস-এর অফিস ফোন মডিউলে তাঁর নম্বর পরিবর্তন করা হয় । ল্যান্ড ফোন না থাকার কারণে যে সকল শাখায় ব্যাংক থেকে মোবাইল সিম সরবরাহ করা হয়েছে, কেবল ঐ সিম নম্বরটি অফিস ফোন হিসেবে এন্ট্রি দিতে হবে । এমতাবস্থায়, PMIS-এর Branch/Office-Data Entry-Branch/Office Info-Branch/Office Phone-এ গিয়ে ব্যক্তিগত মোবাইল নম্বরের স্থলে অফিস ফোন নম্বর এন্ট্রি করার পরামর্শ দেওয়া যাচ্ছে । এখানে উল্লেখ্য যে, কোনো অফিস ফোন (ল্যান্ড ফোন) নষ্ট হলে বা লাইনে কোনো প্রকার বিভাট ঘটলে তা জরুরিভিত্তিতে ঠিক করে নিতে হবে । অন্যথায় গ্রাহকগণ হয়রানির শিকার হবেন ।

০৫। ইতোপূর্বে চালু করা 'JB PHONE'-এর আইকন হিসেবে জনতা ব্যাংকের Logo ব্যবহার করা হচ্ছিল । বর্তমানে চালু করা মোবাইল অ্যাপস্ 'Janata Bank'-এর আইকন হিসেবেও জনতা ব্যাংকেরই Logo ব্যবহার করার সিদ্ধান্ত হয়েছে । এ ক্ষেত্রে ব্যবহারকারীদের বিভান্তি দূর করার লক্ষ্যে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে 'JB PHONE'-এর আইকনটি পরিবর্তন করা হয়েছে ।

০৬। জনতা ব্যাংকের নিজস্ব প্রোগ্রামারের উভাবিত মোবাইল অ্যাপস্ 'Janata Bank' সম্পর্কে ব্যাংকের সম্মানিত গ্রাহকসহ সর্বস্তরের জনসাধারণকে অবহিতকরণের লক্ষ্যে ব্যাপক প্রচারণার জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ব্যাংকের সকল স্তরের কর্মচারীকে নির্দেশনা দেওয়া হলো ।


 ১০.০২.২০২০
 মোঃ আবদুল আলীম খান
 সহকারী মহাব্যবস্থাপক
 ইনচার্জ (আইসিটি-সিস্টেম)


 মোস্তকু ছাইফুল হক
 উপযোগী ব্যবস্থাপক


 মোঃ আহসান উল্লাহ
 মহাব্যবস্থাপক, এইচআর